

# অর্থাভাবে ৩ হাজার শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামোগত উন্নয়ন কর্মসূচি বাতিল

রাশেদ আহমেদ II অর্থাভাবে দেশের ৩ হাজারেরও অধিক প্রতিষ্ঠানগুলোর কাছে প্রায় ২শ' কোটি টাকা বকেয়া রাখা হয়েছে। সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের অবকাঠামোগত উন্নয়নকাজ বন্ধ করে দেয়া হয়েছে। গত বছরের জুন মাসে গত আওয়ামী লীগ সরকারের আমলের শেষদিকে এসব প্রতিষ্ঠান উন্নয়ন প্রকল্পের আওতায় তালিকাভুক্ত করা হয়েছিল। তবে গত বছরের মার্চ মাসে উন্নয়ন প্রকল্পের অধীনে যে শিক্ষা প্রতিষ্ঠানগুলো নেয়া হয়েছিল সেগুলোর কাজ চালানো হলেও ঠিকাদার

প্রতিষ্ঠানগুলোর কাছে প্রায় ২শ' কোটি টাকা বকেয়া রাখা হয়েছে। গত মার্চ মাসে ৭ হাজার ৯৪টি শিক্ষা প্রতিষ্ঠান উন্নয়ন প্রকল্পের মধ্যে নেয়া হয়েছিল। শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট এক সূত্র থেকে এ তথ্য জানা গেছে। সূত্র জানায়, চলতি অর্থবছরে শিক্ষা মন্ত্রণালয়ে মোট ৬২টি উন্নয়ন প্রকল্প হাতে নেয়া হয়েছিল। এর অধীনে ৯শ' ৫৬ কোটি টাকা বরাদ্দ রাখা হয়

## শিক্ষা : প্রতিষ্ঠান (১ম পৃষ্ঠার পর)

একেকটি প্রকল্পের আওতায় কয়েকশ' স্কুল, কলেজ, মাদ্রাসা রয়েছে। বরাদ্দকৃত ৯শ' ৫৬ কোটি টাকার মধ্যে ৭শ' ৪টি কোটি টাকা হচ্ছে সরকারি অর্থ, বাকি টাকা বিদেশী সাহায্য।

সরকারের তহবিলে অর্থসঙ্কটের কারণে ৬২টি প্রকল্পের আওতায় তালিকাভুক্ত ৩ হাজার ১শ' ৯৯টি স্কুল-কলেজ এবং মাদ্রাসার উন্নয়ন কার্যক্রম বন্ধ করে দেয়া হয়। এর মধ্যে রয়েছে নির্বাচিত মাদ্রাসা উন্নয়ন (সরকারি ও বেসরকারি) ৫শ' ৭০টি, নির্বাচিত মাধ্যমিক বিদ্যালয় উন্নয়ন (সরকারি ও বেসরকারি) ৩শ' ১১টি, নির্বাচিত কলেজ উন্নয়ন (সরকারি ও বেসরকারি) ৪০টি, নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের বিদ্যমান ভবনের সম্প্রসারণ ৭শ' ২৯টি (স্কুল ৭শ' ২৭ ও মাদ্রাসা ২), অতি পুরনো শিক্ষা প্রতিষ্ঠান পুনর্নির্মাণ প্রকল্প ১ হাজার ৩শ' ৪৭টি (স্কুল ১ হাজার ১শ' ৮০, মাদ্রাসা ১শ' ৬৫, কলেজ ২), সেকেন্ডারি অ্যাডুকেশন সেক্টর ইম্প্রুভমেন্ট প্রজেক্টে ১শ' ১৫টি স্কুল উপজেলা পর্যায়ে, নতুন জাতীয়করণকৃত সরকারি মহিলা কলেজ ১টি, ইসলামী উন্নয়ন ব্যাংকের সহায়তায় নির্বাচিত মাদ্রাসা নির্মাণ প্রকল্পে ৬৬টি মাদ্রাসা, দেশের প্রতিটি থানায় নির্বাচিত বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে এসএসসি ডিকেশনাল কোর্স প্রবর্তনের অধীনে ২০টি।

মন্ত্রণালয় সূত্র জানায়, অর্থ সংস্থান না হওয়া পর্যন্ত এসব প্রতিষ্ঠানের উন্নয়ন কার্যক্রম শুরু করার বিষয়টি বিবেচনায় আনা সম্ভব হবে না।